নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

১২/০৪/২০১৮খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের অফিস কক্ষে জনসংযোগ সেল এর কার্য নির্বাহী কমিটির সভার কার্য বিবরনী ঃ-

সভার তারিখ ঃ ১২ এপ্রিল ২০১৮খ্রিঃ
বার ঃ বৃহস্পতিবার
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা
সভার স্থান ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের এর অফিস কক্ষ
সভাপতি ঃ **জনাব এ,এম,এফ এহতেশামূল হক**
সভাপতি, জনসংযোগ সেল
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে)**

১। জনাব এ,এম,এফ এহতেশামূল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সভাপতি
২। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৩। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন- সদস্য
৪। জনাব মোঃ আবুল বাশার, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৫। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৬। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৭। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৮। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য সচিব

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**১) আলোচ্য বিষয় ঃ জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারনা আয়োজন প্রসঙ্গে।**

**আলোচনাঃ** সিটি গভার্নেন্স প্রজেক্ট (সিজিপি) ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর কারিগরি সহযোগিতায় স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ বর্ণিত বৈধ ও আইনানুগ কার্যক্রমসমূহ জনগণ কর্তৃক মেনে চলার জন্য জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারাভিযান করা হয়েছে গত ০৩ এপ্রিল ২০১৮ খ্রিঃ। প্রচারাভিযানে স্লোগান সমূহ ছিল, নিয়মিত পৌর কর পরিশোধ করুন, নির্মাণ সামগ্রি রাস্তার উপর রাখবেন না, ময়লা আবর্জনা ড্রেনে ফেলবেন না, বিনা লাইসেন্সে যানবাহন চালাবেন না, ফুটপাতে কোন দোকান বসাবেন না, খাদ্যে ফরমালিন মিশাবেন না, আপনার শিশুকে সময়মত টিকা দিন, আপনার সন্তানকে সুশিক্ষায় শিক্ষিত করুন, সবাই মিলে দিব কর, নগর হবে স্বনির্ভর, মাদককে না বলুন, এবং সন্তানকে সময় দিব জঙ্গি ও সন্ত্রাসমুক্ত সমাজ গরব।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে এ ধরনের জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারনা আয়োজন চলমান রাখার বিষয়টি সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**২) আলোচ্য বিষয় ঃ ক্ষুদেবার্তার নমুনা প্রণয়ন সম্পর্কে আলোচনা।**

**আলোচনাঃ** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম বলেন, সিটি গভর্নেন্স প্রকল্পের আওতাধীন এমসিসি এর মাধ্যমে ক্ষুদে বার্তা সেবা চালু হয়েছে। তিনি ক্ষুদে বার্তা সেবার বিষয়বস্তু প্রস্তুত পূর্বক তা সিটি কর্পোরেশনের নিয়মিত সভায় উপস্থাপন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে উল্লেখ করেন। প্রতিবারের ন্যায় এবারও নগরবাসীকে ১০,০০০ (দশ হাজার) ক্ষুদে বার্তা (এসএমএস) প্রদান করা হবে। এসএমএস এর বিষয় হল "শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্মনিবন্ধন করুন"।

৩) আলোচ্য বিষয় ঃ জনতার মুখোমুখি অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

**আলোচনা ঃ** প্রতি বছরের ন্যায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন স্বচ্ছতা ও জবাবদিহিতামূলক অনুষ্ঠান **"জনতার মুখোমুখি"** আয়োজন করার বিষয়ে সভায় প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম ফরিদুল মিরাজ উপস্থিত সকলকে অবহিত করেন। এ অনুষ্ঠানের মাধ্যমে সিটি কর্পোরেশনের কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা ও নগরবাসীর অংশগ্রহণের মাধ্যমে সুনগর পরিচালন (Good Governance) নিশ্চিত করা সম্ভব হবে বলে তিনি জানান। এবারের **"জনতার মুখোমুখি"** এবং **বাজেট** অনুষ্ঠান আগামী ১৫ মে ২০১৮ খ্রিঃ আয়োজন করা যেতে পারে। এবারের প্রস্তাবিত বিষয়বস্তু ক) নগর অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত আলোচনা; খ) নগর দারিদ্র হ্রাসকরণ কর্মসূচি সম্পর্কিত আলোচনা এবং গ) কর আদায় সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপন বিষয়ে বিশদ আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে জনতার মুখোমুখি অনুষ্ঠান আয়োজন ও বাস্তবায়নের বিষয়ে সকলে একমত পোষণ করেন এবং দ্রুত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বলা হয়।

(এ,এফ,এম এহতেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন: ০২-৭৬৩৩৪২৩
ই-মেইল: পবড়@হপপ.মড়া.নফ

স্মারক নং-৪৬.৪৪.৬৭০০.০০৪.০৬(২).২১.১৫/ তারিখঃ

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রকল্প পরিচালক, সিটি গভর্নেন্স প্রকল্প (সিজিপি), আরডিইসি ভবন, লেভেল-৮, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। জনাব মোঃ আবুল বাসার, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।